বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
www.supremecourt.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ০১/২০২২ তারিখঃ ১১/০৪/২০২২ খ্রি.

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ |
| ১. | স্টেনোগ্রাফার | ৩ | টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩) | সাঁটলিপি ও টাইপিং এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ১০০ ও ৭০ শব্দের গতি থাকতে হবে। |
| ২. | স্টেনোটাইপিষ্ট | ৬ | টাঃ ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | সাঁটলিপি ও টাইপিং এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৩. | স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর | ১ | টাঃ ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | সাঁটলিপি ও টাইপিং এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৪. | সাঁট মুদ্রাক্ষরিক তথা কম্পিউটার অপারেটর | ১ | টাঃ ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | সাঁটলিপি ও টাইপিং এ দক্ষতাসম্পন্ন কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইংরেজী ও বাংলায় টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজী ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৫. | ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর | ৩ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) উচ্চ মাধ্যমিক পাস (বিজ্ঞান বিভাগ অগ্রগণ্য)<br>(খ) ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটরের জন্য যথাযথ মানসম্পন্ন পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬. | মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী | ৬ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। ইংরেজী ও বাংলায় কম্পিউটার টাইপিং-এ কর্মদক্ষতা প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।<br>সাঁটলিপিতে জ্ঞানসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, | ৪ | টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | কমপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং টাইপিং এ দক্ষতা থাকতে হবে। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। ইংরেজী ও বাংলায় কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন যথাক্রমে ২০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। |
| ৮. | ফটোস্ট্যাট মেশিন অপারেটর | ১ | টাঃ ৯,০০০-২১,৮০০/- (গ্রেড-১৭) | ফটোস্ট্যাট মেশিন পরিচালনায় দক্ষতাসহ নূন্যতম এস,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন |
| ৯. | এম,এল,এস,এস | ৪৮ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | কমপক্ষে ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা |

**শর্তাবলীঃ-**

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র ও ০২ (দুই) কপি প্রবেশপত্র এবং মুক্তিযোদ্ধা/অন্যান্য কোটায় আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত ফরমে অতিরিক্ত তথ্যাদি স্বহস্তে পূরণ করে আগামী ১২/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সাধারণ ও সংস্থাপন শাখা, কক্ষ নং-১১২, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌছাতে হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট (www.supremecourt.gov.bd) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম ও প্রবেশপত্র অথবা উক্ত ডাউনলোডকৃত ফরম/প্রবেশপত্রের ফটোকপি ব্যবহার করে আবেদন করা যাবে।

২। প্রার্থীর বয়সসীমা দরখাস্ত দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে (১২/০৫/২০২২) ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং চাকুরীরত প্রার্থীগণকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত রঙ্গিন ছবি, এনআইডি/জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, পরীক্ষা ফি বাবদ ১-৮ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (এক শত) টাকা এবং ৯ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০২০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে কোনো পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে তা সুপ্রীম কোর্টের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৪। আবেদনপত্রের সাথে ৩ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্র ব্যতিত অন্য কোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের এক সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৫। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৬। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করা এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে,

২০/০৪/২০২২

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র) (ভারপ্রাপ্ত)।
ফোনঃ ০২-২২৩৩৮১৯৩২।